

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

লেখ হারিনার নির্দেশ
জলবায়ু সহিত বাংলাদেশ

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩. ৬৪২০

তারিখঃ- ০৬/১০/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ- লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসংগে।


- সূত্রঃ- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা মহোদয়ের স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১০৭.২১.২৬১৩
তাং- ২৭/০৯/২০২৩খ্রিঃ।
২। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩.৩০১৯ তাং- ০৭/০৯/২০২৩খ্রিঃ।
৩। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা এর স্মারক নং- ২২.০১.
০০০০.১১১.২৩.০০০.২০২৩.৮০ তাং- ২৭/০৭/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর আলোকে আপনার নামে অত্র বন
বিভাগ হতে লাইসেন্স নং- ২৩ তারিখ- ০৫/০৯/২০২১ ও পজেশন সার্টিফিকেট নং- ২১ তারিখ- ০৫/০৯/২০২১ ইস্যু করা হয়।

বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা মহোদয়ের দপ্তর হতে স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১০৭.২১.
৭০৩ তাং- ২৯/০৫/২০২৩খ্রিঃ মূলে এন.ও.সি প্রদান করা হয়। উক্ত এন.ও.সি এর বিপরীতে আমদানীকৃত ২৫০টি পাখির মধ্যে সাইটিস-
২ এর Lutino fischer Opaline Love Birds- 50 টি এন.ও.সি বহির্ভূত পাখি সনাক্ত করা হয় যা ঘোষণা অনাপত্তি ও কাষ্টম
আইন বহির্ভূত। অতিরিক্ত কমিশনার, কাষ্টম হাউজ, ঢাকা কর্তৃক কাষ্টম আইন, ১৯৬৯ এর সেকশন ১৬ ও ৩২ লঙ্ঘন করায় আপনার
প্রতিষ্ঠানের নিকট হতে ১৬,৯৬,৯৪০/- (ষোল লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত চল্লিশ) টাকা অর্থদণ্ড ও বিমোচন জরিমানা আদায় করা
হয়।

যেহেতু আপনি গত ২০/০৭/২০২৩খ্রিঃ তারিখে এন.ও.সি বহির্ভূত পাখির আমদানী করে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা)
আইন, ২০১২ ও পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর বিধি ১৫ (খ) লঙ্ঘন করেছেন সেহেতু আপনার নামে অত্র দপ্তর হতে
ইস্যুকৃত লাইসেন্স নং- ২৩ তাং- ০৫/০৯/২০২১ ও পজেশন সার্টিফিকেট নং- ২১ তাং- ০৫/০৯/২০২১ সূত্রোক্ত ১ নং স্মারকের নির্দেশনা
মোতাবেক অত্র পত্র জারীর তারিখ হতে বাতিল করা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অত্র বিভাগে জমা
প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য আপনার খামারে বিদ্যমান পাখি বিক্রয় ব্যতীত অন্য কোন খাঁচায় পোষা বিদেশি পাখি ক্রয়-বিক্রয়, আমদানি করণ
যাবে না।



(শারমীন আক্তার)

বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ

বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

প্রাপকঃ- জনাব আরশাদ সেলিম অনিক
(আরশাদ ইমপোর্ট এন্ড এক্সপোর্ট এবং এনিমেল ইম্পেয়ার)
পিতা- মোঃ সেলিম
সাং- ২৮৬/৭/এ ধানমন্ডি, ঢাকা।

চলমান পাতা- ০২

ab


স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩.

৩৪২০

তারিখঃ ০৬/১০/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিম্নোক্ত মহলে প্রেরণ করা হলোঃ-

- ১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা। এই প্রসংগে ১ নং সূত্রোক্ত স্মারক উল্লেখ্য।
- ৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
- ৪। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৭। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
- ৯। সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
- ১০। মিজ বুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা। উক্ত খামার এর কার্যক্রম
- ১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা। উক্ত খামার এর কার্যক্রম নিয়মিত মনিটরিং সহ খামারি যাতে পরবর্তীতে সংশ্লিষ্ট খামার ও সংশ্লিষ্ট ব্যক্তির নামে নতুন করে লাইসেন্স গ্রহণ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(শারমীন আক্তার)

বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ

বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

০৬/১০/২০২৩